ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

2 September 2026 7:35 AM IST

==========================================================

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা গতকাল দিশপুর লোকসেবা ভবনে আয়োজিত এক বিশেষ অনুষ্ঠান থেকে প্রত্যক্ষ লাভ হস্তান্তর ব্যবস্থায় উজান আসামের বন্যায় ক্ষতিগ্রস্ত শিবসাগর, চরাইদেউ এবং যোরহাট জেলার সাহায্য লাভের থেকে বাদ পড়া পরিবারগুলিকে ১৫ হাজার টাকা করে প্রদান করেন । এ পর্যায়ে ১৬ হাজার ৭শ ৪৬টি পরিবারকে অর্ন্তভুক্ত করা হয়েছে । অনুষ্ঠানে শিবসাগর এবং চরাইদেউ জেলার অরুণোদয় হিতাধিকারীরা আগামী ১০ই সেপ্টেম্বর থেকে দুহাজার টাকা করে পাবেন বলে ঘোষণা করা হয়েছে ।

একই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীর জীবন প্রেরণা প্রকল্পের অধীনে সরকারী এবং প্রাদেশীকৃত শিক্ষাপ্রতিষ্ঠান থেকে সদ্য স্নাতক হওয়া ছাত্র-ছাত্রীদের জন্য আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে । প্রথম পর্যায়ে চার মাসের জন্য এই সাহায্য প্রদান করা হয় । ৪৮ হাজার ১শ ৮৮ জন যোগ্যতা সম্পন্ন শিক্ষার্থীকে এক বছরের জন্য আড়াই হাজার টাকা করে প্রদান করা হবে ।

এছাড়া একই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীর বিশ্ব পর্যায়ের মানব প্রতিভার জন্যে বিদেশী ভাষা প্রকল্প- সি এম ফ্লাইটের সংশোধিত নীতি অনুসারে প্রথম কিস্তির অর্থও প্রদান করা হয়েছে । প্রথম পর্যায়ে দুশো জন যুবক-যুবতী এই প্রকল্পের দ্বারা উপকৃত হবেন । প্রকল্পটির অধীনে যোগ্য প্রার্থীরা দেড়লক্ষ টাকা পর্যন্ত আর্থিক সহায়তা এবং রাজ্যের যুবক-যুবতীদের বিদেশে চাকুরি লাভের জন্য সহায়তা করার জন্য যাবতীয় প্রশিক্ষণ প্রদান করা হবে ।

---

আসাম সরকার উজান আসামের বন্যা বিধ্বস্ত জেলার আত্মসহায়ক গোষ্ঠীর মহিলাদেরকে পুনরায় দশ হাজার টাকা করে প্রদান করবে । জেলাগুলির ক্ষতিগ্রস্ত এলাকার মহিলাদের অরুণোদয় প্রকল্পে অর্ন্তভুক্ত করার জন্যেও সরকার চেষ্টা করবে । শিবসাগরের বিধায়ক তথা রাইজর দল'এর সভাপতি অখিল গগৈকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা এই আশ্বাস দিয়েছেন ।

এদিকে  উজান আসামের বেশ কয়েকটি জেলায় পুনরায় বন্যার আশংকা দেখা দিয়েছে । নাগাল্যান্ডে হওয়া প্রবল বৃষ্টিপাতের ফলে ভোগদৈ নদীর জলস্তর পুনরায় বৃদ্ধি পাচ্ছে । রাজ্যের জলসম্পদ বিভাগের তথ্য অনুসারে ভোগদৈ নদীর জল বিপদসীমার ১৪ সেন্টিমিটার উপরে প্রবাহিত হয়েছে । ইতিমধ্যে বন্যাবিধ্বস্ত চরাইদেউ, শিবসাগর এবং যোরহাট  জেলা প্রশাসন পুনরায় বন্যার উচ্চ সংকেত জারি করেছে ।

---

রাজ্যসভার সাংসদ কনাদ পুরকায়স্থ  গতকাল শিলচর তারাপুরের নাথ ছাত্রাবাস প্রাঙ্গণে পন্ডিত রাজমোহন নাথ কলাক্ষেত্র ভবন নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর স্থাপন করেন ।  এ উপলক্ষ্যে আয়োজিত

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে সাংসদ শ্রী পুরকায়স্থ বলেন যে নাথ যোগী সম্মেলনী রাজ্যের নাথ সম্প্রদায়ের সামাজিক ,সাংস্কৃতিক ও শিক্ষাগত উন্নয়নের লক্ষ্যে কর্মরত একটি গুরুত্বপূর্ন সংগঠন । এই সংগঠন নাথ সম্প্রদায়ের ঐতিহ্য ,সংস্কৃতি ও মূল্যবোধ সংরক্ষণের পাশাপাশি সমাজের শিক্ষা ,ঐক্য ও সার্বিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে । অনুষ্ঠানে বড়খলার বিধায়ক কিশোর নাথ সহ অন্যান্য বিশিষ্ট ব্যাক্তিরা উপস্থিত ছিলেন ।

..........................................................................................................

উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে নিউ হারেঙ্গাজাও রেল স্টেশনের সামনে এক ও দু নম্বর রেল রুটে সংস্কার কাজের জন্য কিছু ট্রেনের যাত্রা বাতিল করা হয়েছে এবং কিছু ট্রেনের যাত্রার সময়সূচীর পরিবর্তন করা হয়েছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে গুয়াহাটী - দূর্লভছড়া এক্সপ্রেস ট্রেন আজ ও আগামীকাল বাতিল করা হয়েছে ।
এছাড়া গুয়াহাটী-শিলচর এক্সপ্রেস ট্রেন আজ ও আগামীকাল বাতিল করা করা হয়েছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে নারেঙ্গী-আগরতলা এক্সপ্রেস ট্রেন আজ রাত সাড়ে ছটায় নারেঙ্গী থেকে ছাড়বে ।

..........................................................................................................

হাইলাকান্দি জেলায় জনগননার গৃহ তালিকা এবং তথ্য সংগ্রহের কাজ জোর গতিতে এগিয়ে চলছে । জেলার কাটলিছড়া রাজস্ব চক্রের অর্ন্তগত দূরগম এলাকা গেন্দাছড়া , হাতিছড়া, বরুংছড়া সহ প্রত্যন্ত গ্রামগুলোতে গননাকারী ও আধিকারীকরা ঘরে ঘরে গিয়ে তথ্য সংগ্রহ করছেন । এবিষয়ে আমাদের সংবাদদাতার সঙ্গে কথা বলতে গিয়ে কাটলিছড়ার চক্র আধিকারীক গৌতম ভাস্কর জানান---------

বাইট

রাজ্যের খাদ্য ,গন বন্টন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী তথা হাইলাকান্দি জেলার অভিভাবক মন্ত্রী কৌশিক রাই আগামীকাল হাইলাকান্দি সফর করবেন । সফরকালে মন্ত্রী শ্রীরাই হাইলাকান্দি সিভিল হাসপাতাল পরিদর্শন করে চিকিৎসা পরিষেবা ,পরিকাঠামো এবং রোগীদের জন্য উপলব্ধ বিভিন্ন সুযোগ সুবিধা খতিয়ে দেখা সহ হাসপাতালের বিভিন্ন সমস্যা ও উন্নয়নের প্রয়োজনীয় বিষয় নিয়েও সংশ্লিষ্ট আধিকারিকদের সঙ্গে আলোচনা করবেন । এরপর অভিভাবক মন্ত্রী হাইলাকান্দি জেলা পরিষদের সদস্যদের সঙ্গে একটি বৈঠকে অংশ নিয়ে জেলার গ্রমোন্নয়ন , বিভিন্ন সরকারী প্রকল্পের বাস্তবায়ন এবং জেলা পরিষদের অধীনে চলা বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতি নিয়ে আলোচনা করবেন । এছাড়াও মন্ত্রী শ্রীরাই জেলা আয়ুক্তের কার্যালয়ে জেলা প্রশাসনের শীর্ষ আধিকারিকদের সঙ্গে একটি পর্যালোচনা বৈঠকে অংশ নেবেন বলে আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন ।

---

অনুর্ধ-১৯ আন্ত জেলা মহিলা ক্রিকেট প্রতিযোগীতার জোনাল ফাইনাল খেলায় আজ হাইলাকান্দি ও শ্রীভূমি জেলা দল পরস্পরের মূখোমূখি হবে । গত ২৫শে আগষ্ট থেকে শুরু হওয়া এই প্রতিযোগীতায় মোট ৮টি দল অংশ গ্রহন করে ।